

# ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা পরিষদের পরিবেশ ও বন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শামীমা আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
তারিখ : ১৭/০৮/২০২১ খ্রিঃ  
সময় : ১১.০০ ঘটিকায়

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতপর সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে কমিটির সদস্য সচিব সামাজিক বনায়ন সম্পর্কে আলোকপাত করেন। তিনি জানান যে, সামাজিক বনায়ন কার্যক্রমের আওতায় বর্তমানে চারা উৎপাদন, জনসাধারণের মধ্যে বিক্রয়/বিতরণ, রাস্তার ধারে বাগান সৃজন, বিমূল্যে বিভিন্ন প্রতিষ্ঠানে ও ব্যক্তি পর্যায়ে চারা বিতরণ এবং বাগান সৃজন ও নার্সারী উত্তোলনে দক্ষতা বৃদ্ধির জন্য স্থানীয় জনগনকে প্রশিক্ষণ প্রদান ও উদ্বুদ্ধ করণ ইত্যাদি কার্যক্রম চলমান আছে।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	চারা উত্তোলন ও বিক্রয়	তিনি জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বৎসরে বাগান সৃজনের কোন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বর্তমানে চারার বিক্রয় বিতরণ কার্যক্রম চলিতেছে।	স্বল্পমূলে জনসাধারণের মাঝে বিতরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর।
২	প্রশিক্ষণ	তিনি বিগত সভার আলোকে জানান যে, বৃক্ষ রোপন আন্দোলন, বৃক্ষ পরিচর্যা সম্পর্কে জনগণকে উৎসাহিত করা লক্ষ্যে প্রশিক্ষনের উপর জোর আলোকপাত করেন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে আলোচনাক্রমে প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা বন কর্মকর্তা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(শামীমা আক্তার)

উপজেলা ভাইস চেয়ারম্যান মহিলা

ও

সভাপতি

পরিবেশ ও বন কমিটি


উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

তারিখঃ- ১৭/০৮/২০২১ খ্রিঃ।

পত্র নং- ২২.০১.০০০০.৪২৭.২৯.০০১.১৯-

অনুলিপিঃ- সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ৬। জনাব.....।
- ৭। অফিস নথি।

  
(মোঃ শাহজাহান)

উপজেলা বন কর্মকর্তা

ও

সদস্য সচিব

পরিবেশ ও বন কমিটি

ব্রাহ্মণবাড়িয়া সদর।